**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/8/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ভোক্তা রক্ষা বিধিমালা প্যাকেজে স্বাক্ষর করেছেন

***বিধিমালা S.153/A.2382 প্রণয়ন করে কনজুমার ক্রেডিট ফেয়ারনেস অ্যাক্ট, যা অবমাননাকর বকেয়া সংগ্রহ অনুশীলনের সমাধান করবে***

***বিধিমালা S.4823/A.3359 ইউটিলিটি কোম্পানিগুলির জন্য আবাসিক গ্রাহক অভিযোগের সাথে সংশ্লিষ্ট গ্রাহকদের হয়রানি, অবমাননা, বা নিপীড়ন করা নিষিদ্ধ করে***

***বিধিমালা S.1199/A.5838 পাবলিক সার্ভিস কমিশনের অন্তত একজন কমিশনারের জন্য ইউটিলিটি কনজুমার অ্যাডভোকেসিতে অভিজ্ঞতা থাকা আবশ্যক করে***

গভর্নর হোকল আজকে ভোক্তা সুরক্ষা সংক্রান্ত বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করেছেন। বিধিমালা S.153/A.2382 প্রণয়ন করে কনজুমার ক্রেডিট ফেয়ারনেস অ্যাক্ট (Consumer Credit Fairness Act, CCFA), যা ভোক্তাদের অবমাননাকর বকেয়া সংগ্রহ থেকে রক্ষা করবে, যেহেতু এমন অনেক অনুশীলন হয়ে থাকে যেখানে পুরনো বকেয়াের জন্য মামলা করা হয়, ক্রেডিট কার্ডের ইস্যু করা বকেয়া অন্য ক্রেডিটরের কাছে বিক্রি করে দেওয়া হয়, এবং বকেয়া ক্রয়ের সময় ন্যূনতম তথ্য প্রদান করা হয়। স্বচ্ছতা বৃদ্ধি করে, স্টেটের নাগরিক প্রক্রিয়া আইনের মধ্যকার ব্যবধান সর্বনিম্ন করে, এবং বেতন গার্নিশমেন্ট ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করার মতো চরম পদক্ষেপ নেওয়া প্রতিরোধ করার ফলে, ভোক্তাদের গুরুভার বকেয়া সংগ্রহ অনুশীলনে ব্যবস্থা নিতে আরো সময় প্রদান করা হবে। বিধিমালা S.4823/A.3359 একটি অভিযোগ নিয়ে আলাপ আলোচনা বা অপরিশোধিত ব্যালেন্সের ক্ষেত্রে ইউটিলিটি কোম্পানিগুলির জন্য হয়রানি নিষিদ্ধ করে। বিধিমালা S.1199/A.5838 পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission, PSC) অন্তত একজন সদস্যের জন্য কনজুমার অ্যাডভোকেসিতে বিশেষজ্ঞ হওয়া আবশ্যক করে।

"যখন খারাপ পক্ষ ভোক্তাদের ঠকাতে চাইবে, নিউ ইয়র্ক পাল্টা লড়াই করবে," **গভর্নর হোকল বলেন।** "আমি এমন বিধিমালায় স্বাক্ষর করতে পেরে গর্বিত যা নিউ ইয়র্কবাসীকে বকেয়া সংগ্রাহকদের এবং ইউটিলিটি কোম্পানিগুলির নীতিহীন অনুশীলন থেকে রক্ষা করবে। নতুন এই তিনটি আইন নিউ ইয়র্ককে সকল ভোক্তার জন্য আরো ভালো, ন্যায্য স্থান বানাবে।"

**ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট অ্যাড্রিয়ান এ. হ্যারিস বলেন,** "সিভিল প্র্যাকটিস ল অ্যান্ড রুলসে (Civil Practice Law and Rules, CPLR) এই

পরিবর্তন কোভিড-19 পুনরুদ্ধার চলার এই সময়ে নিউ ইয়র্কবাসীকে নীতিহীন ক্রেডিটর থেকে রক্ষা করবে। বিলটি (S.153/A.2382) বিশেষ করে পরিচিত লুণ্ঠনমূলক বকেয়া সংগ্রহ অনুশীলনগুলির জন্য, এটি লুণ্ঠনমূলক বকেয়া সংগ্রহ অনুশীলনগুলির একটি সাধারণ কৌশল নিষিদ্ধ করে যা হল সময়-বাধাযুক্ত ভোক্তা বকেয়া ের জন্য মামলা করার যার জন্য তাদের মৌলিক নথিও থাকে না। নতুন আইনটি দুর্বল নিউ ইয়র্কবাসীর জন্য অতি জরুরি ভোক্তা সুরক্ষা বৃদ্ধি করে।"

কনজুমার ক্রেডিট ফেয়ারনেস অ্যাক্টটি অবমাননাকারী বকেয়া সংগ্রহ মামলা বন্ধে পদক্ষেপ নেয়, ক্রেডিটরের আইনি পদক্ষেপ সম্পর্কে বাদীকে জানানো আবশ্যক করে, কোর্ট ফাইলিংয়ে মামলার অভীষ্ট বকেয়া ের ব্যাপারে আরো তথ্য অন্তর্ভুক্ত করা আবশ্যক করে, ভোক্তা ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে সংবিধিবদ্ধ সীমাবদ্ধতা হ্রাস করে, এবং ভোক্তা ক্রেডিট পদক্ষেপের ক্ষেত্রে ডিফল্ট রায়ের জন্য আবেদনের বিশেষ আবশ্যকতা স্থাপন করে। আইনি পদক্ষেপের প্রক্রিয়ায় ভোক্তাদের প্রাপ্য তথ্য বৃদ্ধি করার ফলে, স্টেটের নাগরিক প্রক্রিয়া আইনের ব্যবধান কম হয় এবং এটি বেতন গার্নিশমেন্ট ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করার মতো চরম পদক্ষেপ নেওয়া প্রতিরোধ করে ভোক্তাদের গুরুভার বকেয়া সংগ্রহ অনুশীলনে ব্যবস্থা নিতে আরো সময় প্রদান করে।

এটি নিউ ইয়র্কবাসীর বকেয়া দুশ্চিন্তা উপশম করতে গভর্নর হোকলের পূর্ববর্তী প্রচেষ্টার সংযোজন। অক্টোবর মাসে, গভর্নর কোভিড-19 মহামারী চলাকালীন জমে যাওয়া ইউটিলিটি গ্রাহক বকেয়া নাটকীয়ভাবে বৃদ্ধি করে দেওয়ার সমাধানে উপযুক্ত নিম্ন-আয়ের পরিবারের বকেয়া পরিশোধের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করে হোম এনার্জি অ্যাসিস্টেন্স প্রোগ্রামকে বর্ধিত করেছিলেন। ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service) ইউটিলিটিগুলির সাথে প্রচারমূলক প্রচেষ্টা নিয়ে কাজ করছে যাতে ভোক্তারা উপলভ্য সহায়তা সম্পর্কে আরো সচেতন হতে পারে। নতুন বিধিমালার অধীনে, ইউটিলিটিগুলি বৈধ বকেয়া সংগ্রহ কার্যক্রম চালিয়ে যেতে পারবে।

**স্টেট সিনেটর কেভিন টমাস বলেন,** "অবমাননাকর ও শোষণমূলক বকেয়া সংগ্রহের মামলা নিউ ইয়র্ক স্টেটের একটি মহামারী হয়ে উঠেছে। এইসব মামলার পরিণতি, অনেক ক্ষেত্রেই যার শিকার হয় বয়স্ক, প্রতিবন্ধী, এবং নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসী, বিধ্বংসী, বিশেষ করে এমন সময়ে যখন নিউ ইয়র্কবাসীরা ইতিমধ্যেই কোভিড-19 এর কারণে আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছে। কনজুমার ক্রেডিট ফেয়ারনেস অ্যাক্ট এইসব অবমাননাকর এবং প্রায়শই অবৈধ বকেয়া সংগ্রহের অনুশীলন কাজকে বন্ধ করে দিবে। আমি অ্যাসেম্বলিমেম্বার ওয়াইনস্টিন ও আমাদের কঠোর পরিশ্রমী উকিলদের তাদের অংশীদারিত্বের জন্য, এবং গভর্নর হোকলকে CCFA-কে আইন হিসেবে স্বাক্ষর করে নিউ ইয়র্কের ভোক্তাদের সাথে থাকার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলিমেম্বার হেলেন ই. ওয়াইনস্টিন বলেন,** "বিধিমালা গ্রাহকদের অবমাননাকর বকেয়া সংগ্রহ অনুশীলন থেকে রক্ষা করবে। সকল বকেয়া সংগ্রাহক মামলা যাতে নতুন কঠিন আবশ্যকতা মেনে চলে তা নিশ্চিত করার জন্য অনেক আগেই আমাদের আইনকে আরো কঠোর করা উচিত ছিলো। আমি গভর্নর হোকল ও সিনেটর টমাসকে আমার সাথে অংশীদারিত্ব

করে অতি প্রয়োজনীয় এইসব সংশোধনকে আমাদের আইন হিসেবে প্রণয়ন করার জন্য, এবং সকল ভোক্তা উকিল যারা বহু বছর ধরে এর সাথে যুক্ত ছিলেন তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা S.4823/A.3359 একজন আবাসিক গ্রাহকের সাথে কাজ করার সময় ইউটিলিটি কোম্পানিগুলির জন্য হয়রানি, নিপীড়ন বা অবমাননা নিষিদ্ধ করে। ইউটিলিটি গ্রাহকদের অধিকার নিশ্চিত করার মাধ্যমে, এটি একটি ইউটিলিটি বিল না দিতে পারার সাথে সম্পর্কিত চাপ উপশম করবে। এর উৎপত্তি ইউটিলিটি কর্পোরেশনগুলির বিভিন্ন নীতিহীন অনুশীলনের প্রতিক্রিয়া হিসেবে, যেমন গ্রাহকদের সাথে একটি "পেমেন্ট চুক্তি" তৈরি করা যা শক্তির মতো ইউটিলিটি বন্ধ না হয়ে যাওয়ার বদলে গ্রাহকদের মোটা অঙ্কের ডাউনপেমেন্ট করতে উৎসাহিত করে।

**স্টেট সিনেটর লিরোয় কমরি বলেন,** "যখন আমাদের স্টেট মহামারী থেকে সেরে উঠছে, তখন সিনেটের সংখ্যাগরিষ্ঠ কনফারেন্সের জন্য ভোক্তাদের রক্ষা করা একটি অগ্রাধিকার, এবং বিধিমালার এই প্যাকেজটি ঠিক তাই করবে। আমার বিল হোম এনার্জি ফেয়ার প্র্যাক্টিসেস অ্যাক্ট (Home Energy Fair Practices Act, HEFPA) এর ভাষা ব্যাখ্যা করে, নিশ্চিত করে যে নিউ ইয়র্কবাসীরা যখন পেমেন্ট ব্যবস্থা নিয়ে আলাপ আলোচনার মধ্যে আছে বা শক্তি প্রদানকারীর বিরুদ্ধে অভিযোগ করছে, তখন তাদের হয়রানি বা অবমাননার শিকার হতে না হয়। আমি বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য, আবাসিক ইউটিলিটি গ্রাহকদের রক্ষাকারী সংবিধি জোরদার করার প্রয়োজন অনুধাবন করার জন্য এবং যেসব জনগণকে তারা সেবা প্রদান করে তাদের কাছে মিউনিসিপ্যাল প্রদানকারী ও এনার্জি সার্ভিস কোম্পানি (Energy Service Company, ESCO) জবাবদিহি করানোর জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**অ্যাসেম্বলিমেম্বার এমি পলিন বলেন,** "কঠিন আর্থিক সময়ে, গ্রাহকদের সহজেই ইউটিলিটি বিল বাকি পড়তে পারে। তা স্বত্বেও, যেকোনো ইউটিলিটি কোম্পানির প্রতিনিধির উচিত প্রত্যেক গ্রাহকের সাথে ন্যায্য আচরণ করা। গ্রাহকদের কখনোই গালিগালাজ বা প্রতারণামূলক পেমেন্ট অনুশীলনের সম্মুখীন হতে হওয়া উচিত না। আইনটি গ্রাহক অধিকার রক্ষা করবে এবং একই সাথে নিশ্চিত করবে যে ইউটিলিটি কোম্পানিগুলি যাতে সর্বোত্তম নীতি আদর্শের সাথে গ্রাহকদের থেকে বকেয়া সংগ্রহ ও অভিযোগ মিটমাট করতে পারে। আমি মুখ্য এই বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করে যেসব নিউ ইয়র্কবাসী ইউটিলিটি সংক্রান্ত ব্যাপারে ন্যায্যতা খুঁজছে তাদের ন্যায়বিচার নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা S.1199/A.5838 পাবলিক সার্ভিস কমিশনের অন্তত একজন কমিশনারের জন্য ইউটিলিটি কনজুমার অ্যাডভোকেসিতে অভিজ্ঞতা থাকা আবশ্যক করে। এর কারণ পাবলিক সার্ভিস কমিশনকে এর মূল লক্ষ্যের সাথে, যা হল গ্রাহকদের যুক্তিসঙ্গত হারে পর্যাপ্ত সেবা প্রদান, পুনরায় পরিচয় করিয়ে দেওয়া। ইউটিলিটি ভোক্তাদের স্বার্থে কথা বলার অভিজ্ঞতা আছে এমন কমিশনারের দৃষ্টিভঙ্গি এমন হবে যা ইউটিলিটি গ্রাহকদের কল্যাণে মনোযোগী হবে, কমিশনারের স্বার্থকে বাণিজ্যিক স্বার্থ বা পাবলিক ইউটিলিটি স্বার্থের দিকে ঝুঁকে পড়া থেকে প্রতিহত করবে।

**স্টেটের সিনেটর মাইকেল গিয়ানারিস বলেন,** "অনেক বেশি ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশন জনগণকে সেবা প্রদান না করে যেসব শিল্প নিয়ন্ত্রণ করার কথা তাদের সেবাদান করে।

PSC তে একজন গ্রাহক প্রতিনিধি সঠিক দিকে একটি শক্তিশালী সিদ্ধান্ত হবে। আমি আনন্দিত জরুরি এই প্রস্তাবনাকে আইন হিসেবে প্রণয়নের ক্ষেত্রে গভর্নর হোকলের স্বাক্ষর দেখে। নিউ ইয়র্ক স্টেটে এখন PSC তে গ্রাহক আওয়াজের আবশ্যকতা থাকবে।"

**অ্যাসেম্বলিমেম্বার ক্যাটালিনা ক্রুজ বলেন,** "আমাদের বাড়ি গরম রাখা এবং বেঁচে থাকতে আমাদের প্রয়োজনীয় বিদ্যুতের খরচ আজকের মূল্যস্ফীতির হাত থেকে বাঁচতে পারে নি। যখন বর্ধিত ইউটিলিটি খরচ লাখ লাখ নির্দিষ্ট আয়ের নিউ ইয়র্কবাসী ও নিম্ন আয়ের অন্যান্যদের ও বেকারদের বিপদে ফেলছে, তখন নিউ ইয়র্কের ভোক্তাদের এমন নিয়ন্ত্রক প্রয়োজন যারা তাদের স্বার্থে কথা বলবে, ইউটিলিটি কোম্পানির স্বার্থে না। আইনটি নিশ্চিত করবে যাতে যথাস্থানে হার পরিশোধকারীদের প্রতিনিধি আওয়াজ ও ভোট থাকে। বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এবং এটি একদম সময়মতো হয়েছে যেহেতু শীতকাল আসন্ন।"

বিধিমালা S.153/A.2382 এর কিছু অংশ অবিলম্বে কার্যকর হবে, এবং বিধিমালা S.4823/A.3359 ও বিধিমালা S.1199/A.5838 আইন হিসেবে স্বাক্ষরিত হওয়ার 30 দিন পর কার্যকর হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418